গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৬৩.৯৯.০০০৪.২৫ (অংশ-১)-**৪৮৬** তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ / ৩০ জুন ২০২৬

**বিষয়: দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদে নাগরিক সেবা সহজীকরণে "সনদ সেবা" অনলাইন সিস্টেম চালুকরণ সংক্রান্ত।**

সূত্র: জনাব মোহাম্মদ সামাওয়াত উল্লাহ, সত্ত্বাধিকারী, সনদ সেবা এর আবেদন, তারিখ: ১৭/০৬/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদে নাগরিক সেবা সহজীকরণে "সনদ সেবা" অনলাইন সিস্টেম চালুকরণ সংক্রান্তে সূত্রে বর্ণিত সত্ত্বাধিকারীর স্বব্যাখ্যাত আবেদন এ সাথে সংযুক্ত করা হলো (**কপি সংযুক্ত**)। উক্ত আবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে

৩০/০৬/২০২৬
মো: সগীর হোসেন
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল-lgpaura1@lgd.gov.bd

প্রশাসক
পৌরসভা (সকল)................

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩। জনাব মোহাম্মদ সামাওয়াত উল্লাহ, সত্ত্বাধিকারী, সনদ সেবা।
৪। অফিস কপি

info@sonodsheba.com
contact@sonodsheba.com

সনদ সেবা

sonodsheba.com

তারিখ: ১৭/০৬/২০২৬ সূত্র: এসএস/২০২৬/০৬/১৭/০০১

বরাবর

মাননীয় মন্ত্রী

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিষয়: দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদে নাগরিক সেবা সহজীকরণে "সনদ সেবা" (sonodsheba.com) অনলাইন সিস্টেম চালুকরণের সুবিনীত প্রস্তাবনা।

প্রিয় মহোদয়,

সবিনয় শ্রদ্ধা ও সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, আপনার দূরদর্শী ও গতিশীল নেতৃত্বে দেশের স্থানীয় সরকার ব্যবস্থা এক নতুন উচ্চতায় পৌঁছাবে বলে আমরা আত্মবিশ্বাসী। এছাড়াও তৃণমূল পর্যায়ের প্রশাসনিক সেবা সুসংহত করতে এবং জনগণের দোরগোড়ায় সরকারি সুবিধা পৌঁছে দিতে আপনার আন্তরিক উদ্যোগ সর্বমহলে সমাদৃত হচ্ছে। আপনার এই প্রশংসনীয় কর্মযজ্ঞের ধারাবাহিকতায় দেশের নাগরিক সেবাকে আরও গতিশীল করার লক্ষ্যে একটি যুগোপযোগী উদ্যোগ আপনার সদয় বিবেচনার জন্য উপস্থাপন করছি।

আপনার সদয় অবগতির জন্য বিনীতভাবে নিবেদন করছি যে, দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদের সম্মানিত নাগরিকগণ বিভিন্ন প্রশাসনিক, পারিবারিক ও আইনি প্রয়োজনে চারিত্রিক সনদ, উত্তরাধিকার সনদ, জাতীয়তা সনদ, পারিবারিক সনদ, বিবাহ সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ বিভিন্ন ধরনের অত্যাবশ্যকীয় সেবা ও সনদপত্র সংগ্রহের জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর ওপর সম্পূর্ণ নির্ভরশীল। বর্তমান প্রচলিত সনাতন বা ম্যানুয়াল পদ্ধতিতে আইনি ও প্রশাসনিক প্রক্রিয়া যথাযথ থাকা সত্ত্বেও, একটি সনদের জন্য সম্মানিত নাগরিকগণকে একাধিকবার সংশ্লিষ্ট কার্যালয়ে সশরীরে যাতায়াত করতে হয়। তদুপরি, দাপ্তরিক কাজের স্বাভাবিক ব্যস্ততা, ফাইল ব্যবস্থাপনার জটিলতা এবং সংশ্লিষ্ট জনপ্রতিনিধি বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের দৈনন্দিন কর্মব্যস্ততার কারণে অনেক সময় সম্মানিত নাগরিকদের দীর্ঘ সময় অপেক্ষা ও সাময়িক অনভিপ্রেত ভোগান্তির সম্মুখীন হতে হয়।

স্থানীয় সরকার পর্যায়ের এই নাগরিক সেবাসমূহকে সম্পূর্ণ সুশৃঙ্খল, স্বচ্ছ এবং ন্যূনতম খরচে সরাসরি জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার প্রত্যয়ে "**সনদ সেবা (sonodsheba.com)** নামে একটি আধুনিক, নিরাপদ ও পরীক্ষিত অনলাইন প্ল্যাটফর্ম প্রস্তুত করা হয়েছে। এই প্ল্যাটফর্মের সুবাদে দেশের যেকোনো প্রান্ত থেকে সম্মানিত নাগরিকগণ ঘরে বসেই অত্যন্ত স্বাচ্ছন্দ্যে সনদের জন্য আবেদন করতে পারবেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ একটি সুবিন্যস্ত ডিজিটাল ড্যাশবোর্ডের মাধ্যমে আবেদনসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে যাচাইপূর্বক ডিজিটাল স্বাক্ষরযুক্ত অনুমোদন ও বিতরণ সম্পন্ন করতে পারবেন।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

| | |
|---|---|
| অতিরিক্ত সচিব<br>মহাপরিচালক<br>যুগ্মসচিব<br>যুগ্মসচিব (পরিকল্পনা) | ১) প্রশাসন<br>২) নগর উন্নয়ন<br>৩) পৌরসভা<br>৪) উন্নয়ন<br>৫) পানি সরবরাহ (পাস)<br>৬) উপজেলা অধিশাখা<br>৭) ইউপি অধিশাখা<br>৮) অডিট অধিশাখা<br>৯) আইন অধিশাখা |
| ডায়রি নং............ | স্বাক্ষর |

info@sonodsheba.com
contact@sonodsheba.com



**"সনদ সেবা"** ব্যবস্থার উল্লেখযোগ্য বৈশিষ্ঠ্য ও সুবিধাসমূহ নিম্নরূপ:

- **সমন্বিত ও সম্পূর্ণ অনলাইন প্রক্রিয়া:** আবেদন গ্রহণ, ব্যাক-এন্ড যাচাইকরণ, ফি প্রদান এবং সনদ ইস্যুকরণের প্রতিটি ধাপ সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে সুচারুরূপে সম্পন্ন হয়।
- **সম্মানিত নাগরিকদের সময় ও ব্যয় সাশ্রয়:** সাধারণ মানুষের মূল্যবান সময়, শ্রম ও যাতায়াত খরচ শতভাগ সাশ্রয় হয় এবং কার্যালয়ে বারবার সশরীরে উপস্থিত হওয়ার প্রয়োজনীয়তা হ্রাস পায়।
- **সহজ ও সর্বজনীন প্রবেশাধিকার:** অত্যন্ত সহজ ও ব্যবহারবান্ধব (User-friendly) ইন্টারফেস হওয়ায় মোবাইল ও কম্পিউটার উভয় মাধ্যমেই নাগরিক এবং প্রাতিষ্ঠানিক ব্যবহারকারীগণ অত্যন্ত স্বাচ্ছন্দ্যের সাথে এটি ব্যবহার করতে পারেন।
- **স্বয়ংক্রিয় ও রিয়েল-টাইম ড্যাশবোর্ড:** আবেদন জমা হওয়ামাত্র তা স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর, পৌর মেয়র বা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের ড্যাশবোর্ডে পৌঁছে যায় এবং স্বয়ংক্রিয় এসএমএস (SMS)-এর মাধ্যমে নাগরিককে আবেদনের সর্বশেষ অবস্থা জানিয়ে দেওয়া হয়।
- **স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন প্রতিষ্ঠা:** প্রতিটি আবেদনের অগ্রগতি নিখুঁতভাবে ট্র্যাকিংযোগ্য হওয়ায় প্রশাসনিক জবাবদিহিতা নিশ্চিত হয় এবং জাল সনদ তৈরির সুনির্দিষ্ট ঝুঁকি সম্পূর্ণভাবে দূর হয়।
- **দ্রুততম সময়ে বাস্তবায়ন:** আধুনিক ক্লাউড আর্কিটেকচারের ওপর ভিত্তি করে নির্মিত হওয়ায় সিস্টেমটি মাত্র ৫-১০ মিনিটেই যেকোনো সিটি কর্পোরেশন, পৌরসভা বা ইউনিয়ন পরিষদের দাপ্তরিক কাঠামোর সাথে মিল রেখে কনফিগার করে চালু করা সম্ভব।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, আপনার সুদূরপ্রসারী নেতৃত্ব ও দিকনির্দেশনায় দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদে "সনদ সেবা" অনলাইন সিস্টেমটি একযোগে চালুর উদ্যোগ গ্রহণ করা হলে তা গ্রামীণ ও নগর সেবার সমন্বয়ে একটি যুগান্তকারী মাইলফলক এবং কার্যকর ডিজিটাল দৃষ্টান্ত সৃষ্টি করবে।

অতএব, মহোদয়ের নিকট বিনীত নিবেদন এই যে, বাংলাদেশের সামগ্রিক নাগরিক কল্যাণের স্বার্থে এবং ডিজিটাল সেবাকে তৃণমূলের জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে এই সংযুক্ত প্রস্তাবনাটি সদয় বিবেচনা ও পর্যালোচনা করে দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদে "সনদ সেবা" অনলাইন সিস্টেমটি চালুকরণের প্রয়োজনীয় অনুমোদন, সদয় সম্মতি ও দেশব্যাপী নীতিগত নির্দেশনা প্রদান করে বাধিত করবেন।

**বিনীত,**

মোহাম্মদ সামাওয়াত উল্লাহ
সত্ত্বাধিকারী, সনদ সেবা (sonodsheba.com)
ফোন: 01347-203045
ওয়েবসাইট: www.sonodsheba.com

# সনদ সেবা





*** ৪৫+ সেবা, এছাড়াও স্বল্প সময়ে চাহিদানুযায়ী সম্পর্কিত যেকোন সেবা সহজে অন্তর্ভূক্ত করা যায়।

সবার আগে বাংলাদেশ
www.sonodsheba.com

# সনদসেবা কি?

- সনদসেবা একটি সুরক্ষিত ও নির্ভরযোগ্য **ডিজিটাল সনদ সেবা ব্যবস্থা**, যার মাধ্যমে ইউনিয়ন পরিষদ, ওয়ার্ড কাউন্সিলর বা পৌরসভা কার্যালয় থেকে প্রদান করা বিভিন্ন ধরনের সনদ (যেমন: উত্তরাধিকার, জাতীয়তা, চারিত্রিক সনদ, বিবিধ সনদ) **একটি একক অনলাইন ঠিকানায় আবেদন, যাচাই ও অনুমোদন করা যাবে।**



# সনদসেবার **বর্তমান প্রেক্ষাপটে সমস্যাসমূহ...**

১. সময়সাপেক্ষ ও যাতায়াত নির্ভর সেবাঃ সনদের জন্য আবেদনকারীকে একাধিকবার কাউন্সিলর কার্যালয়ে উপস্থিত হতে হয়, এতে নাগরিকের মূল্যবান কর্মঘণ্টা অপচয় হয়।

২. কাউন্সিলর অফিসে সরাসরি যেতে অনীহার কারণে সেবাগ্রহীতারা মধ্যস্থতাকারীর শরণাপন্ন হয়, যার ফলে অতিরিক্ত আর্থিক ব্যয় ও নানাবিধ ঝুঁকি সৃষ্টি হয়।

৩. তড়িঘড়ি করে সনদ ইস্যুর কারণে অনেক ক্ষেত্রে তথ্যের যথাযথ যাচাই হয়না, ফলে সেবার স্বচ্ছতা ও নির্ভরযোগ্যতা প্রশ্নবিদ্ধ হয়।

৪. সনদ পেতে তুলনামূলক বেশি সময় লাগে এবং সেবা প্রাপ্তি বিলম্বিত হয়।

৫. জাতীয় আর্কাইভিং ব্যবস্থা নেই বলে তথ্য সংরক্ষণ এবং তাৎক্ষনিক যাচাই করা যায়না, ফলে একই ব্যক্তির নামে একাধিক সনদের ঝুঁকি থাকে।

*** **বর্তমানে** বিভিন্ন অনুমোদনহীন বেসরকারি প্রতিষ্ঠান ***কেন্দ্রীয় তত্ত্বাবধান ছাড়া*** বিচ্ছিন্নভাবে সেবা প্রদান করছে, ফলে নাগরিকের ডেটা নিরাপত্তা ও *ব্যক্তিগত গোপনীয়তার গুরুতর লঙ্ঘন* হচ্ছে । অনেক ক্ষেত্রে অর্থ গ্রহণ করেও নাগরিককে সেবা না দেওয়ার প্রতারণার অভিযোগও পাওয়া যায়।

# সমাধানঃ সমন্বিত/ডিজিটাল “সনদসেবা” সিস্টেম

১. **অনলাইনে আবেদন ও সনদপ্রাপ্তি:**

- যেকোনো স্থান থেকে সনদ আবেদন ও গ্রহণ করা সম্ভব হয়।
- দ্রুত যাচাই ও অনুমোদন করা যায়।

২. **জালিয়াতি প্রতিরোধ:**

- এক ব্যক্তির জন্য একের অধিক উত্তরাধিকার ও সংবেদনশীল সনদ পাওয়া সম্ভব নয়।
- স্বচ্ছতা নিশ্চিত করা যায় এবং পৃথিবীর যেকোনো জায়গা থেকে যাচাই করা যায়।

৩. **আজীবন সেবা অ্যাকাউন্ট:** একবার রেজিস্ট্রেশন করে আজীবন সনদের সুবিধা পাওয়া যাবে।

৪. সারাদেশের সকল ইউনিয়ন, পৌরসভা এবং সিটি কর্পোরেশন এক সিস্টেমেই খুব সহজে অন্তর্ভুক্ত করা থাকবে এবং সেবা প্রদান করবে।

৫. **নিরাপদ ডাটা অ্যাক্সেস:**

- নাগরিকের অনুমতি বা আইনগত ভিত্তি ছাড়া অন্য কেউ ব্যক্তিগত তথ্যে প্রবেশ করতে পারে না।
- সরকার ও সংশ্লিষ্ট সংস্থার অনুমতি ব্যতীত ডাটা ব্যবহার করা যাবে না।
- **জাতীয় তথ্য ভান্ডারে (ndc.bcc.gov.bd),** সকল ডাটা রাষ্ট্রের নিয়ন্ত্রণে থাকবে, ফলশ্রুতিতে, চেয়ারম্যান বা কাউন্সিলর পরিবর্তন হলেও ডাটা নিরাপদ থাকবে।
- স্থানীয় সরকার বিভাগের (LGD) এর অনুমতি সাপেক্ষে অন্য মন্ত্রণালয় বা সংস্থা এই সিস্টেমের ডাটা ব্যবহার করতে পারবে।


# সনদসেবার সেবা গ্রহণের ধাপসমূহ:

1. ধাপ ১ — sonodsheba.com ভিজিট
2. ধাপ ২ — NID/BRN তথ্য নিশ্চিতকরণের মাধ্যমে একাউন্ট সম্পন্ন
3. ধাপ ৩ — সেবা নির্বাচন ও আবেদন
4. ধাপ ৪ — অনলাইন পেমেন্ট (ডেবিট/ক্রেডিট কার্ড, মোবাইল ব্যাংকিং)
5. সেবা প্রদান — কাউন্সিলর/মেয়র/চেয়ারম্যান কর্তৃক অনুমোদন, প্রিন্ট


www.sonodsheba.com

# সনদসেবার বর্তমান প্রেক্ষাপট ও পারফরম্যান্স

সেবা প্রদানকারি অফিস





বর্তমান পরিসংখ্যান



## ডিজিটাল সনদসেবার সুবিধাসমূহঃ

- ☐ ই-নামজারী উত্তরাধিকার / ওয়ারিশ
- ☐ পুলিশ ভেরিফিকেশন
- ☐ সেনাবাহিনী যোগদান অভিভাবক ও জাতীয়তা ভেরিফিকেশন
- ☐ পাসপোর্ট অফিস জাতীয়তা
- ☐ মৃত্যু নিবন্ধন — মৃত প্রত্যয়ন




*** সংশ্লিষ্ট সিস্টেম প্রত্যয়ন সিস্টেমের অনুমোদিত সনদ নম্বর ইনপুট করবে। প্রত্যয়ন সিস্টেম সেই নম্বর যাচাই করে API-এর মাধ্যমে সনদের অবস্থা ও PDF রিস্পন্স প্রদান করবে।
পরবর্তীতে সংশ্লিষ্ট সিস্টেমসমূহ তাদের নিজস্ব প্ল্যাটফর্মে যাচাইকৃত সনদ প্রদর্শন ও ব্যবহার করতে পারবে।

# সনদসেবার বাস্তবায়নের ধাপসমূহ:

## ধাপ–১: পাইলটিং (Pilot Implementation)

**উদ্দেশ্য:** সিস্টেমের কার্যকারিতা, ব্যবহারযোগ্যতা এবং প্রশাসনিক প্রক্রিয়ার সাথে সামঞ্জস্য যাচাই।

**কার্যক্রম:**

- নির্বাচিত ১–৫টি সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়নে বাস্তবায়ন
- সার্ভার ও সিস্টেম কনফিগারেশন
- কর্মকর্তা ও ব্যবহারকারীদের প্রশিক্ষণ
- বাস্তব আবেদন ও সনদ ইস্যুর মাধ্যমে পরীক্ষামূলক পরিচালনা
- ব্যবহারকারীর মতামত সংগ্রহ
- প্রয়োজনীয় সফটওয়্যার উন্নয়ন ও কাস্টমাইজেশন
- নিরাপত্তা, কর্মক্ষমতা ও রিপোর্টিং যাচাই

**ফলাফল :**

- পাইলট মূল্যায়ন প্রতিবেদন
- Standard Operating Procedure (SOP)
- জাতীয় পর্যায়ে সম্প্রসারণের সুপারিশ

## ধাপ–২: রোল-আউট (Nationwide Roll-out)

**উদ্দেশ্য:** ধাপে ধাপে সারাদেশে সিস্টেম সম্প্রসারণ ও পূর্ণাঙ্গ বাস্তবায়ন।

**কার্যক্রম:**

- বিভাগভিত্তিক/জেলাভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা
- সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদে সম্প্রসারণ
- কেন্দ্রীয় মনিটরিং ড্যাশবোর্ড চালু
- জাতীয় হেল্পডেস্ক ও সাপোর্ট ব্যবস্থা
- ব্যবহারকারী ও কর্মকর্তাদের ধারাবাহিক প্রশিক্ষণ
- তথ্য নিরাপত্তা ও ব্যাকআপ ব্যবস্থার বাস্তবায়ন
- নিয়মিত মনিটরিং ও কর্মক্ষমতা মূল্যায়ন

**ফলাফল :**

- সারাদেশে একীভূত ডিজিটাল সনদ সেবা
- নাগরিকদের জন্য একই মানের সেবা নিশ্চিতকরণ
- Smart Bangladesh ও Digital Governance বাস্তবায়নে সহায়তা

# প্রকল্প বাস্তবায়ন


**ডিজিটাল সেবা ব্যবস্থাপনা ও প্ল্যাটফর্ম পরিচালনা ব্যয়ঃ ৩০টাকা-*প্রস্তাবিত* / স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্ধারিত হার অনুযায়ী প্রযোজ্য হতে পারে**

(সেবা প্রতি আবেদনকারী কর্তৃক প্রদেয়)

1. আবেদন দাখিল থেকে সনদ প্রাপ্তি পর্যন্ত আবেদনকারীর আবেদন ট্র্যাকিং, স্ট্যাটাস পর্যবেক্ষণ এবং SMS-এর মাধ্যমে স্বয়ংক্রিয় অবহিতকরণ সেবা প্রদান।
2. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের ডিজিটাল সেবা কেন্দ্রের সাথে সমন্বয়ের মাধ্যমে নাগরিক সেবা দ্রুত ও সহজলভ্য করা।
3. ডিজিটাল প্ল্যাটফর্মের সার্বক্ষণিক পরিচালনা, নিরাপত্তা, রক্ষণাবেক্ষণ, উন্নয়ন ও কারিগরি সহায়তা নিশ্চিত করা।
4. সেবা ব্যবস্থাপনা, তথ্য সংরক্ষণ, ব্যবহারকারী সহায়তা (Help Desk) এবং প্রশাসনিক কার্যক্রম পরিচালনা।


*** অবকাঠামোগত উন্নয়ন, ইউনিয়ন *সেন্টার ব্যাবস্থাপনা*, উদ্যোক্তা সাপোর্ট এবং ট্রেনিং ও অন্যান্য ব্যয় নির্বাহে *LGD* কর্তৃক *নির্ধারিত ফি* , ডিজিটাল সেবা ব্যবস্থাপনা ও প্ল্যাটফর্ম পরিচালনা ব্যয়-*এর* সাথে যুক্ত করা যেতে পারে।

# সনদের নমুনা কপি


ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন


নাগরিকত্ব সনদ

প্রস্তুতকারী


ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

উত্তরাধিকার সনদ

প্রস্তুতকারী


Dhaka South City Corporation
Dhaka, Bangladesh

Citizenship Certificate

Certificate No: 666411153934 Date of Issue: 22nd January 2026

This is to certify that **Md Sahid Ullah Bepari**, National ID: **7803785352**, Wife: **Kulsuma Khatun**, Father: **Fazal Haque Bepari**, Mother: **Mrs. Hanufa Khatun**. His **Permanent Address**:- Village/House: Horny Dergapur Post Office: Demra - 1360, Ward No: 6, Dhaka South City Corporation, Thana/Upazila: Jatrabari, District: Dhaka. **Present Address**:- Village/House: Horny Dergapur, Post Office: Demra - 1360, Ward No: 6, Dhaka South City Corporation, Thana/Upazila: Jatrabari, District: Dhaka. He is a permanent resident of this area and Bangladeshi citizen by birth.

I wish him all the best and a bright future.

Prepared By

**Md. Mahmudul Hasan**
Administrator
Dhaka South City Corporation
Dhaka, Bangladesh

**** কাউন্সিলর অফিসের চাহিদানুযায়ী লে-আউট, ফন্ট লোগো, জলছাপসহ যাবতীয় বিষয় সহজে পরিবর্তন করা যায়।*

www.sonodsheba.com